





১০/১১/২০২১ খ্রি. তারিখে উপজেলা উপজেলা মৎস্য ও প্রাণি বিষয়ক স্থায়ী কমিটির উপস্থিতি
হাজিরা সীট

ক্রমিক নং	নাম, পদবী ও কর্মস্থল	স্বাক্ষর
০১	জনাব মোছাঃ মোহিনী বেগম মহিলা আইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ	
০২	জনাব মোঃ বদরুদ্দোজা চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি	
০৩	জনাব সুফিয়ানুল করিম চৌধুরী চেয়ারম্যান, ২নং মাইজগাঁও ইউপি	
০৪	জনাব লেইচ চৌধুরী চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি	
০৫	জনাব আঃ মুমিন উপজেলা মৎস্য অফিসার, ফেঞ্চুগঞ্জ	আঃ মুমিন

ফেঞ্চুগঞ্জ উপজেলার মৎস্য ও প্রাণি সম্পদ স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব মোছাঃ মোহিনী বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
তারিখ : ১০/১১/২০২১ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : হলরুম, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার আলোচ্যসূচি :

- ১। কার্প জাতীয় মাছের মিশ্র চাষ পদ্ধতি বিষয়ক প্রশিক্ষণ।
- ২। বিবিধ।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং কমিটির সদস্য সচিব ও উপজেলা মৎস্য কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ, সিলেট কে আলোচ্যসূচি অনুযায়ী সভায় আলোচনা করার জন্য অনুরোধ জানান।

উপজেলা মৎস্য কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ, সিলেট সভায় বলেন যে, সহজ পাচ্য আমিষ হিসেবে জনস্বাস্থ্য উন্নয়ন এবং সুস্থ জাতি গঠনে মাছ অত্যন্ত উপযোগী খাদ্য। তিনি আরো বলেন যে, মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য মাছ চাষের ক্ষেত্রে নতুন নতুন উদ্ভাবিত প্রযুক্তি চাষি পর্যায়ে হস্তান্তর দরকার এবং মৎস্যচাষ সংক্রান্ত পর্যাপ্ত প্রশিক্ষণের মাধ্যমে চাষিদের জ্ঞান, দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিকরণ প্রয়োজন। তিনি সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলাধীন পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় মৎস্যচাষিদের মাছ চাষের উপর সক্ষমতা বৃদ্ধির জন্য কার্প জাতীয় মাছের মিশ্র চাষ পদ্ধতি বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে তা সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। এ ব্যাপারে উপজেলা মৎস্য কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ, সিলেট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। মৎস্যচাষিদের প্রশিক্ষণে উৎসাহিত করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, ফেঞ্চুগঞ্জ, সিলেট কে সভায় অনুরোধ জানানো করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোছাঃ মোহিনী বেগম

(মোছাঃ মোহিনী বেগম) ১০/১১/২১

সভাপতি

মৎস্য ও প্রাণি সম্পদ স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ ফেঞ্চুগঞ্জ, সিলেট।

ও

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।

স্মারক নং : ৩৩.০২.৯১৩৫.৫০১.৩৪.০০১.২১.৮৭

তারিখ : ৮/১২/২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৪। চেয়ারম্যান, ১নং ফেঞ্চুগঞ্জ ইউপি, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৫। চেয়ারম্যান, ২নং মাইজগাঁও ইউপি, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৬। চেয়ারম্যান, ৩নং ঘিলাছড়া ইউপি, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৭। সংশ্লিষ্ট নথি।

স্বাক্ষর
০৮/১২/২১
(মোঃ আব্দুল মুমিন)
উপজেলা মতস্য কর্মকর্তা
ফেঞ্চুগঞ্জ, সিলেট।